

**2021/TDC/CBCS/ODD/
BNGHCC-302T/363**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022**

BENGALI

(3rd Semester)

Course No. : BNGHCC-302T

(উনিশ শতকের বাংলা কবিতা ও কথাসাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : ২×১০=২০

- ১। কোন্ গীতিকবিকে 'ভোরের পাখি' আখ্যায়িত করা হয়? এই উপাধিটি কে দিয়েছিলেন?
- ২। রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- ৩। 'হৃদয় সমুদ্র সম' কবিতাটি কার লেখা? এটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(2)

- ৪। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের নাম কী? কবি এই সর্গে কার বন্দনা করেছেন?
- ৫। বীরবাহুর মৃত্যু সংবাদ কে বহন করে এনেছিল? বীরবাহুর মায়ের নাম কী?
- ৬। মাইকেল মধুসূদন কাকে 'এ বঙ্গের অলঙ্কার' বলেছিলেন? লঙ্কাবাসী মেঘনাদের মৃত্যুতে কতদিন শোক পালন করেছিল?
- ৭। বঙ্কিমচন্দ্রের 'রজনী' কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রকাশিত হয়? তাঁর রচিত প্রথম উপন্যাসটির নাম কী?
- ৮। বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসটি কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়?
- ৯। রজনীর প্রকৃত পিতা এবং পালকপিতার নাম লেখো।
- ১০। তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা' ছাড়া অন্য যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।
- ১১। 'স্বর্ণলতা' উপন্যাসটি ধারাবাহিকভাবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? 'স্বর্ণলতা' উপন্যাসটি কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়?
- ১২। 'স্বর্ণলতা' উপন্যাসের প্রথমাংশে কার জীবনকথা বিবৃত হয়েছে এবং দ্বিতীয়াংশে কার জীবনকথায় পূর্ণ?
- ১৩। রবীন্দ্রনাথ রচিত প্রথম দুটি গল্পের নাম উল্লেখ করো।

22J/735

(Continued)

(3)

- ১৪। 'বিচারক' গল্পের পতিতা রমণীটির নাম কী? এই গল্পটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত?
- ১৫। তোমার পাঠ্য কোন্ গল্পে মুসলমান চরিত্র লক্ষিত হয়? সেই চরিত্রটির নাম কী?

SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ১০×৫=৫০

- ১৬। বিশ্বরীলাল চক্রবর্তীর 'সুরবালা' কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
- ১৭। সার্থক সনেট হিসেবে দেবেন্দ্রনাথ সেনের 'অশোক তরু' কবিতাটি বিচার করো।
- ১৮। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে অবলম্বনে রাবণের চরিত্র-চিত্রণ করো।
- ১৯। 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক কে? রাবণ না মেঘনাদ—আলোচনা করে বুঝিয়ে দাও।
- ২০। বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- ২১। 'রজনী' বাংলা ভাষার প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাস—আলোচনা করো।

22J/735

(Turn Over)

- ২২। সামাজিক উপন্যাস হিসেবে তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা'র মূল্য নিরূপণ করো।
- ২৩। তারকনাথের 'স্বর্ণলতা' উপন্যাসের নামকরণ সার্থক হয়নি বলে অনেকে মনে করেন। তাঁদের মতে 'সরলা' নামেই একে চিত্রিত করা উচিত ছিল—আলোচনা করো।
- ২৪। ছোটগল্পের নিরিখে রবীন্দ্রনাথের 'দুরাশা' গল্পের সার্থকতা প্রতিপন্ন করো।
- ২৫। রবীন্দ্রনাথের 'আপদ' একটি সার্থক ছোটগল্প—আলোচনা করো।
